

এ ভাবে আর কতদিন যাবে থাকা ।

আইছ ভবে যাইতে হবে শোন্‌রে ও মন বোকা ॥

- ১। ফের' অসুরত্ব করে, কেহ যদি সুধায় তোরে,
 ক্ষেপে ওঠো অঙ্গে মারি ঝাকা ।
 তুই হ'লি অজ্ঞা পশুর মত, ব্যভিচারী কাজে রত,
 হরিতত্ত্ব মনে ভাব ফাঁকা ॥
- ২। অহঙ্কারে হয়ে মত্ত, সদায় কর মন-রাজত্ব,
 মনে ভাব' আমার বুদ্ধি পাকা ।
 তুই কু-কাজ করে ঢাকা দিলি, লোক সমাজে সাধু হ'লি,
 চিত্তগুপ্তের খাতায় আছে লেখা ॥
- ৩। ময়লা মাটি বোঝাই সারা, মুখে ঢাকনি গিলাটি করা,
 লোককে দেখাও এতে সোনার চাকা ।
 মন ! তুই ঠিক যেন সেই মাকালের ফল, ভিতর কাল,
 বাহিরে লাল ॥
 কাজে শূন্য সুন্দর মাত্র দেখা ॥
- ৪। গৌঁসাই গোপালচাঁদে বলে, দেও না মনের কপাট খুলে,
 তবে পাবি হরিচাঁদের দেখা ।
 শোন্‌রে অভয়া দুর্মতি, হরি নামে নাই তোর মতি,
 ঘাটে বসে কাঁদবিরে তুই একা ॥
 ---অভয়চরণ কবিরাজ

